



নিয়োগ বিজ্ঞপ্তি

পিপলস্ ওরিয়েন্টেড প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশন (পিপি) কর্তৃক বাস্তবায়িত কেয়ার বাংলাদেশ এর অর্থায়নে **Strengthening Household Ability to Respond to Development Opportunities (SHOUHARDO-III)** কর্মসূচীর আওতায় নেত্রকোনা ও কিশোরগঞ্জ জেলার অষ্টগ্রাম, ইটনা, মিঠামইন, নিকলি, কলমাকান্দা, খালিয়াজুরি ও মদন উপজেলায় প্রত্যন্ত গ্রামে/ইউনিয়নে কর্মসূচী বাস্তবায়নের নিমিত্তে অত্র অঞ্চলের দরিদ্র ও অতিদরিদ্র জনগোষ্ঠীর সাথে কাজ করতে প্রতিশ্রুতিশীল আগ্রহী প্রার্থীদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

পদের নাম : ফিল্ড ট্রেনার- গভর্নেন্স এন্ড ইয়ুথ।

দায়িত্ব ও কর্তব্য :

ফিল্ড ট্রেনার- (গভর্নেন্স এন্ড ইয়ুথ) কর্মসূচীতে অংশগ্রহনকারী সদস্যদের সক্ষমতা সৃষ্টি ও সহযোগিতা প্রদানের মাধ্যমে বর্ধিত মাত্রায় সরকারী তথা ইউনিয়ন পরিষদ ও অন্যান্য সেবামূলক প্রতিষ্ঠানের সেবা ও সুযোগে অভিজ্ঞতা বৃদ্ধি নিশ্চিতকরণের জন্য দায়িত্বশীল থাকবেন। তিনি দল পর্যায়ে কার্যক্রমের অগ্রগতি মনিটর করবেন এবং সংশ্লিষ্ট টেকনিক্যাল অফিসারের নির্দেশনা মোতাবেক পদক্ষেপ গ্রহন করবেন। তিনি কয়েকটি গ্রামের জন্য দায়িত্বশীল থাকবেন এবং দল সদস্য, ইউপি চেয়ারম্যান, ওয়ার্ড মেম্বর এবং মাঠ পর্যায়ে কর্মরত সরকারী/বেসরকারী প্রতিষ্ঠানের কর্মকর্তা কর্মচারীদের সাথে প্রত্যক্ষভাবে কাজ করবেন।

যোগ্যতা ও দক্ষতা :

- প্রার্থীকে সংশ্লিষ্ট কাজে ২/৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।
- ফ্যাসিলিটেশন দক্ষতা এবং বহুমুখী উন্নয়ন কর্মসূচী সম্পর্কে ধারণা থাকতে হবে।
- বাংলা ভাষায় পারদর্শিতা এবং ইংরেজীতে মৌলিক দক্ষতা থাকতে হবে।
- ট্যাব ব্যবহার এবং প্রতিবেদন লেখায় দক্ষ হতে হবে।

অন্যান্য শর্তাবলী :

- দায়িত্বপ্রাপ্ত ইউনিয়নে অবস্থান করে কাজ করতে হবে।
- উক্ত পদের জন্য সংশ্লিষ্ট জেলার এবং হাওরে কাজের অভিজ্ঞতা আছে এমন প্রার্থীদেরকে অগ্রাধিকার দেয়া হবে তবে যোগ্য প্রার্থী না পাওয়া গেলে সংশ্লিষ্ট জেলার প্রার্থীদের নিয়োগ দেওয়া হবে।
- নারী প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।

শিক্ষাগত যোগ্যতা : স্নাতক পাস।

কর্মসূচীর মেয়াদ : জুন ২০২০ পর্যন্ত; তবে প্রকল্পটি ২০২২ সাল পর্যন্ত বর্ধিত হতে পারে।

বেতন : সর্বসাকুল্যে মাসিক ১৫,৮৫৩/-টাকা এবং প্রকল্প নির্ধারিত অন্যান্য সুযোগ সুবিধা।

আবেদনের নিয়মাবলী

আগ্রহী প্রার্থীদেরকে জাতীয় পরিচয়পত্রসহ যাবতীয় সনদপত্রের সত্যায়িত ফটোকপি, ২ কপি রসিদ ছবি, দুইজন পরিচয় প্রদানকারী ব্যক্তির নাম, ঠিকানা, পেশা, পদবী, মোবাইল নম্বর এবং আবেদনকারীর পূর্নাঙ্গ জীবনবৃত্তান্ত মোবাইলনম্বরসহ আবেদনপত্র আগামী ১৫/০৩/২০২০ইং তারিখের মধ্যে উপ-পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন), পিপলস্ ওরিয়েন্টেড প্রোগ্রাম ইমপ্লিমেন্টেশন (পিপি), ৫/১১-এ, ব্লক-ই, লালমাটিয়া, ঢাকা-১২০৭ ঠিকানায় ডাকযোগে/কুরিয়ারে/সরাসরি প্রেরণ করতে হবে। ই-মেইলেও আবেদন পাঠাতে পারেন। ই-মেইল: hr@popibd.org। খামের উপরে অথবা ই-মেইলের সাবজেক্ট লাইনে পদের নাম উল্লেখ করতে হবে। অসম্পূর্ণ আবেদন গ্রহনযোগ্য নয়। শুধুমাত্র বাছাইকৃত যোগ্য প্রার্থীদের নিয়োগ পরীক্ষা গ্রহন করা হবে।

web: www.popibd.org

“নারী-শিশু নির্ধাতন ও ঝুঁকিপূর্ণ শিশুশ্রম দমনীয় অপরাধ”